বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
BCC
আইসিটিটাওয়ার, ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
ফোন: ৫৫০০৬৮৪৮, ফ্যাক্স: ৮৮-০২-৫৫০০৬৭৯১, ইমেইল:bcc@bcc.gov.bd,ওয়েবসাইট: bcc.gov.bd

# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থ বছরের ৭ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব এ কে এম শাহনেওয়াজ চৌধুরী<br>পরিচালক (উপসচিব)<br>গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন |
| সভার তারিখ | : ২১-০৩-২০২৩ (মঙ্গলবার) |
| সভার সময় | : সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

বিসিসি এর ইনোভেশন কর্মকতা ও আজকের সভার সম্মানিত সভাপতি জনাব এ কে এম শাহনেওয়াজ চৌধুরী সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ৭ম সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিসিসির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অগ্রগতি ও করণীয় নিয়ে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মধুসূদন চন্দকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

০২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র.নং | বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত নির্দেশনার আলোকে বিসিসির উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | এ কার্যক্রমের আওতায় বিসিসি'র সিনিয়র প্রোগ্রামার জনাব হোসেন বিন আমিন এর তত্ত্বাবধানে " Personal Asset Management System" বাস্তবায়ন করা হয়। (ক) পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন) মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সরকারী কর্মচারীদের সম্পদের বিবরণীর মূল ফর্মের কপি সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) SHQTC মাধ্যমে টেস্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) আগামী ০৯- | জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি। |

| ক্র.নং | বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | ০৪-২০২৩ তারিখের মধ্যে আইসিটি ডিভিশনে চিঠির মাধ্যমে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.২ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু করা নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | (ক) বিসিসি'র ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের মধ্যে আঞ্চলিক কার্যালয়ের জন্য "Budget Automation System" -এর লিংক সঠিকভাবে কাজ করে কিনা তা আগামী ২৩-০৩-২০২৩ তারিখের মধ্যে কনফার্ম করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আগামী ৩০-০৩-২০২৩ তারিখের মধ্যে বিসিসির ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের তালিকা এবং লিংক হালনাগাদ করে আইসিটি ডিভিশনে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব রিংকো কবিরাজ এনালিষ্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি) ও জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি। |
| ২.৩ | বিসিসি'র ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়ানো বিষয়ে করনীয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়াতে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। a2i ফোকাল পয়েন্টের সাথে যোগাযোগ করে a2i -এর সহায়তা নিয়ে বিসিসি'র শাখা ভিত্তিক প্রতিবেদন নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ জফরুল আলম খান, সিনিয়র সিস্টেমস এনালিস্ট, বিসিসি |
| ২.৪ | ত্রৈমাসিক ভিত্তিতে বিসিসির তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। ২০২২-২৩ অর্থবছরে এ সংক্রান্ত মোট ৪টি প্রতিবেদনের মধ্যে ২টি প্রতিবেদন ইতিমধ্যেই আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | বিসিসির তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ নিশ্চিত করে আইসিটি বিভাগে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। ৩য় প্রতিবেদনটি আগামী ০৫/০৪/২০২৩ তারিখের মধ্যে আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব রিংকো কবিরাজ এনালিষ্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি) ও জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি। |
| ২.৫ | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | (ক) বিসিসির ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরে মোট ৪টি প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যেই ৩টি প্রশিক্ষণ | পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন), ও জনাব মধুসূদন চন্দ, |

| ক্র.নং | বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | আয়োজন সমাপ্ত হয়েছে। শেষ প্রশিক্ষণটি আগামী ০৮/০৫/২০২৩ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। (খ) বিসিসির ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরে মোট ২টি কর্মশালা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে ১টি কর্মশালা ইতোমধ্যেই আয়োজিত হয়েছে। ২য় তথা শেষ কর্মশালাটি আগামী ২৯/০৫/২০২৩ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | আঞ্চলিক পরিচালক, বিসিসি। |
| ২.৬ | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের সুষ্ঠু ব্যয় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব মধুসূদন চন্দ আঞ্চলিক পরিচালক, বিসিসি। |
| ২.৭ | বিসিসি ইনোভেশন টিম কর্তৃক দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | বিসিসি ইনোভেশন টিম কর্তৃক মেট্রোরেল পরিদর্শন পূর্বক ১২/০৩/২০২৩ তারিখে নির্বাহী পরিচালক, বিসিসি মহোদয়ের নিকট পরিদর্শন প্রতিবেদন জমা প্রদান করায় সভয় সন্তোষ প্রকাশ করা হয়। | বাস্তবায়িত |
| ২.৮ | ইনোভেশন কার্যক্রম বেগবান করণে করনীয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | বিসিসি ইনোভেশন টিমের পরবর্তী সভার তারিখ ১৭/০৪/২০২৩ তারিখ নির্ধারন করা হয়। | বিসিসি ইনোভেশন টিম। |
| ২.৯ | বিসিসির ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সের আওতায় সকল তথ্য হালনাগাদকরণ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | বিসিসির ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সের আওতায় সকল তথ্য হালনাগাদ করা হয়েছে। আগামীতেও এই ধারা চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। বিসিসি ওয়েব সাইটের ইনোভেশন কর্নার থেকে (ক) উদ্ভাবনী উদ্যোগের তালিকা (খ) সহজিকৃত সেবাসমূহ ও (গ) ডিজিটাল সেবাসমূহ লিংকগুলো বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব বিসিসি ইনোভেশন টিম। ও রিংকো কবিরাজ এনালিষ্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি) |
| ২.১১ | বিসিসির জন্য বাস্তবায়ন যোগ্য নতুন ইনোভেশন আইডিয়া খুঁজে বের করার প্রক্রিয়া নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | বিগত ০৯/০৩/২০২২ তারিখে জারীকৃত পত্রের মাধ্যমে বিসিসি সকল কর্মকর্তা/কর্মচারীর কাছ থেকে | সদস্য-সচিব বিসিসি ইনোভেশন টিম। |

| ক্র.নং | বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | বাস্তবায়নযোগ্য ইনোভেশন আইডিয়া আহবান করা হয়েছে। আইডিয়া জমা দেয়ার শেষ তারিখ ৩০মার্চ, ২০২৩ নির্ধারিত রয়েছে মর্মে সভায় জানানো হয়। নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক আইডিয়া জমা পড়বে বলে সভায় আশাবাদ প্রকাশ করা হয়। | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/03/2023

এ কে এম শাহনেওয়াজ চৌধুরী
পরিচালক (উপসচিব), গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন
ও
ইনোভেশন কর্মকর্তা, বিসিসি।